দারিয়াপুরে বাঙালি ঐতিহ্য শীতকালিন পিঠা উৎসব অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুরে জাঁকজমকভাবে অনুষ্ঠিত হয়ে গেলো বাঙালির ঐতিহ্য পিঠা উৎসব ২০২৫। ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে, আজ শুক্রবার দিনব্যাপী দারিয়াপুর ভৈরব নদীর তীরে খেলার মাঠে এ পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি পিঠা উৎসবের উদ্বোধন করেন।

ইভুলেশন অব দারিয়াপুরের সংগঠনের সদস্য ওয়াসিম আকরাম এর সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম।

আয়োজকদের মধ্যে ছিলেন, ইভুলেশন অব দারিয়াপুর সংগঠনের সদস্য ফয়সাল আহম্মেদ তামিম, আব্দুল জাব্বার, সালাউদ্দিন লিজন, তানভির হোসেন, সাজেদুল হক জীবন। পিঠা উৎসব সম্পর্কে আয়োজকরা বলেন প্রতিবছরই ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে বাঙালির ঐতিহ্যকে ধরে রাখতে এবং নতুন প্রজন্মকে বাঙালির এই পিঠার সাথে পরিচয় করিয়া দেওয়ার জন্য এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এবারও অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে এই পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে এই উৎসবে বিভিন্ন গ্রামের যুবক যুবতী ও মায়েরা বাঙালির ঐতিহ্য বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে এই উৎসবে নিয়ে এসেছেন।

পিঠা উৎসবে মোট ২০টি স্টল দেয়া হয়। বাহারীসব পিঠার পসরা সাজিয়ে বসেছিল পিঠার কারিগররা। উদ্বোধন শেষে স্টল গুলো ঘুরে দেখেন অতিথিরা।